

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১২২২  
ধর্মনগর, ১৩ সেপ্টেম্বর, ২০২৪

স্বচ্ছতা হি সেবা অভিযান  
ধর্মনগর পুরপরিষদের বিভিন্ন কর্মসূচি

স্বচ্ছতা হি সেবা অভিযানে ধর্মনগর পুরপরিষদের উদ্যোগে বিভিন্ন কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। এ উপলক্ষে গতকাল ধর্মনগর পুরপরিষদের সভাকক্ষে এক প্রস্তুতিসভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পুরপরিষদের চেয়ারপার্সন মিতালি রাণী দাস সেনা। সভায় উপস্থিত ছিলেন পুরপরিষদের ভাইস চেয়ারপার্সন মঞ্জু নাথ, সিইও সজল দেবনাথ, ডেপুটি সিইও অমরচাঁদ বিশ্বাস, বিদ্যালয় পরিদর্শক রঞ্জু শর্মা ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়েছে স্বচ্ছতা হি সেবা অভিযানে পুরপরিষদ এলাকার বিভিন্ন বিদ্যালয়কে স্বচ্ছ বিদ্যালয়ের পুরস্কার দেওয়া হবে। তাছাড়া আগামী ১৮ সেপ্টেম্বর সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এক র্যালির আয়োজন করা হবে। তাছাড়াও বিদ্যালয় স্তরে কুইজ, বসে আঁকো ও বক্তৃতা প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এই কর্মসূচিতে ২০ সেপ্টেম্বর সাফাই কর্মীদের জন্য স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে।

\*\*\*\*\*